JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/22/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

অ্যামাজন (AMAZON) সম্পর্কে নিউ ইয়র্ক স্টেট বাজেট ডিরেক্টর রবার্ট মুজিকার খোলা চিঠি

"দেশ না জানলেও স্টেটের প্রায় সকলেই এখন জেনে গেছেন যে, অ্যামাজন তার দ্বিতীয় সদর দপ্তর নিউ ইয়র্ক স্টেটে আনার পরিকল্পনা বাতিল করেছে। এটি নিউ ইয়র্ক বাসীদের জন্য একটি চূড়ান্ত ক্ষতি এবং আশা করি যে অন্ততপক্ষে, আমরা এর থেকে শিক্ষা নেব।

স্টেট ক্যাপিটালে আমার জীবনের 23 বছরে যার মধ্যে তিনবছর বাজেট ডিরেক্টর হিসাবে, অ্যামাজন ছিল আমাদের বিপুল অর্থনৈতিক উন্নয়নের একমাত্র সুযোগ। এক-বছর দেশের মধ্যে প্রায় 234টি সিটিকে টেক্কা দিয়ে অ্যামাজন নিউ ইয়র্ক ও ভার্জিনিয়াকে বেছে নিয়েছিল এবং এর ফলে 25,000-40,000 কর্মসংস্থান তৈরি হত। আকারের দিক থেকে বলতে গেলে, পরের সবথেকে বড় অর্থনৈতিক উন্নয়নের যে প্রকল্প স্টেট সম্পূর্ণ করেছে তা প্রায় 1,000 কর্মসংস্থান তৈরি করেছে। গত কয়েক সপ্তাহ ধরে জনগণ আমাকে জিজ্ঞাসা করছেন অ্যামাজন চুক্তিটা হল না কেন। এর জন্য বিভিন্ন কারণ আছে।

প্রথমত, কিছু শ্রমিক ইউনিয়ন অ্যামাজনের নিউ ইয়র্কে প্রবেশে বাধা দেওয়ার চেষ্টা করেছিল। RWDSU ইউনিয়ন হোল ফুডস (Whole Foods) গ্রসারি স্টোর, অ্যামাজনের মালিকানাধীন একটি সহযোগী সংস্থার কর্মীদের সংগঠিত করতে আগ্রহী ছিল, এবং আপোশের মাধ্যমে উদ্দেশ্য সাধনের উপায় হিসাবে অ্যামাজন লেনদেনের বিরোধিতা করতে তারা বিভিন্ন 'সম্প্রদায় ভিত্তিক সংস্থা' (যাদের RWDSU অর্থের যোগান দেয়) কে কাজে লাগিয়েছে। এর ফল হয়েছে উল্টো। শুরুতে, হোল ফুড গ্রসারি স্টোরগুলির এই লেনদেনে কিছু করার ছিল না। এটা একটা আলাদা কোম্পানি। যেখানে অ্যামাজনের কর্মীদের মধ্যে কোনো ইউনিয়ন ছিল না, সেখানে অ্যামাজন ইউনিয়ন গঠনে এবং পরিষেবা কর্মীর কর্মসংস্থানগুলিতে সম্মত হয়েছিল যা 11,000 ইউনিয়ন পদ প্রদান করত।

দেশের অন্যান্য স্টেটগুলির তুলনায় নিউ ইয়র্ক স্টেটের কর্মীদের অনুকূলে সর্বাধিক আইনি সুরক্ষারও বন্দোবস্ত আছে। সেই বিষয়ে অ্যামাজনকে, বা হোল ফুডের কর্মীদের, বা অন্য কোম্পানিকে সংগঠিত করা, তাদের এখানে প্রবেশ করতে ইউনিয়ন তৈরির দ্বারা একটি বাধার সৃষ্টি না করে আরও ভালোভাবে এখানে নিয়ে আসতে এবং তারপর কর্মীদের ইউনিয়নের আওতায় আনার প্রচেষ্টা করা সাময়িকভাবে বন্ধ করা হয়েছে। নিউ ইয়র্ক ইউনিয়ন থাকা কোম্পানিগুলিকে প্রবেশ করার অনুমতি দিলে, আমাদের অর্থনীতি হয়ে পড়বে অস্থিতিশীল, এবং একটি ইউনিয়ন অন্য ইউনিয়নগুলির শত্রু হয়ে উঠলে, সমগ্র ইউনিয়ন আন্দোলন - ইতিমধ্যে পতনের পথে - ধ্বংস এবং ক্ষতিগ্রস্ত হয়েছে।

দ্বিতীয়ত, কুইন্সের কিছু সংখ্যালঘু রাজনীতিবিদ, কিন্তু স্থানীয় রাজনৈতিক দলগুলি অপপ্রচার করেছে যে এর ফলে স্টেটের উন্নতির পরিবর্তে অ্যামাজন কোম্পানির মুনাফা বাড়বে বা এটা হল 'ওদের সুবিধার্থে (কর্পোরেট ওয়েলফেয়ার)'। আপাতদৃষ্টিতে, দৃশ্যমান বেশিরভাগ 'স্থানীয়' বিরোধিপক্ষ, যারা প্রেস কনফারেন্সে আসতে পেরে এবং কাজের সময় সিটি কাউন্সিলের শুনানিতে প্রতিবাদ করে খুশি হয়েছে, তার আসলে নিচের

ইউনিয়নের কাছ থেকে অর্থ পাওয়া সংগঠক: RWDSU। (আপনি যদি সেটি বৈধ কিনা ভেবে অবাক হন, সম্ভবত না)। এমনকি এর থেকে আরও আশ্চর্যের কথা হল এই একই নির্বাচিত কর্মকর্তারা সকলে লং আইল্যান্ড সিটিতে অ্যামাজনের জন্য এবং আবেদনের স্বপক্ষে একটি চিঠি স্বাক্ষর করেছেন। টুইটার তাদের এটির বিরুদ্ধে নিয়ে যাওয়ার আগে পর্যন্ত তারা এর স্বপক্ষেই ছিল।

সবসময়ই একটি স্থানীয় বিরোধি পক্ষ থাকে, কিন্তু এক্ষেত্রে এটিকে একটি নতুন পর্যায়ে নিয়ে যাওয়া হয়েছে। স্টেট সেনেট সিদ্ধান্ত-গ্রহণের অধিকার একটি স্থানীয় সেনেটরকে হস্তান্তরিত করে, যিনি, প্রথমে অ্যামাজনের প্রকল্পটিকে সমর্থন করেছিলেন, তিনি এখন চিৎকার করে এর বিরধিতা করছেন, এবং এমনকি প্রকল্পটির অর্থায়ন অনুমোদনের ভারপ্রাপ্ত হওয়ার জন্য তাকে একজন স্টেট প্যানেলে নিয়োগ করার সুপারিশ করছেন। অ্যামাজন মনে করছে যে পরিপন্থী নিয়োগ প্রকল্পটিকে ব্যর্থ করবে। আর এটি নিশ্চিত যে প্রকল্পে একজন বিরোধীর একটি সেনেট নমিনেশন গভর্নর কখনও মেনে নেবেন না এবং গভর্নর অ্যামাজনকে তা সরাসরি বলেছেন। অ্যামাজনের কাছে প্রাসঙ্গিক প্রসঙ্গ হল তাহলে সেনেট কি অন্য কাউকে নিয়োগ করবে যিনি প্রকল্পটিকে অনুমোদিত করবেন।

সংবাদপত্র যেমন জানিয়েছে, অ্যামাজন সেনেটের নেতৃত্বকে ফোন করেছেন এবং জিজ্ঞাসা করেছেন তিনি অন্য কাউকে নিয়োগ করবেন কিনা যিনি প্রকল্পটিকে সহায়তা করবেন। অ্যামাজনকে সহায়তা করতে একজন বিকল্প ব্যক্তিকে নিয়োগের বিষয়ে সেনেট কথা দিতে পারেননি। সেটাই না হওয়ার কারণ। কোনো যুক্তিসঙ্গত কোম্পানি, বা ব্যক্তি সেই বিষয়ে, মনে করবেন না যে সেনেট প্রকল্পটির একজন কট্টর বিরোধিকে নিযুক্ত করার পরিবর্তে প্রকল্পটির একজন সমর্থককে নিয়োগ করবে। এটি অযৌক্তিক। যদিও, সেটাই তাদের পরিকল্পনা হলে, সেনেট থেক সেট কার্যকর করতে অ্যামাজনের একটি সরাসরি প্রতিনিধিত্ব প্রয়োজন। সেটি কখনওই আসবে না। আসলে, আজ পর্যন্ত, সেনেট কখনওই বলে নি তারা একজন সদস্যকে নিয়োগ করবে যিনি প্রকল্পটিকে সমর্থন করবেন। কোম্পানিগুলি বিচারবুদ্ধিসম্পন্ন, যুক্তিসঙ্গত আচরণ আশা করে এবং শেষ পর্যন্ত সেটি যদি ব্যর্থ হয় তাহলে তার জন্য কোম্পানিগুলির মাসের পর মাস বা মিলিয়ন ডলার খরচ করা সম্ভব নয়।

উপরন্তু, অ্যা মাজনের বিরোধিতা করা কখনওই ভালো রাজনীতি নয়, অ্যামাজন চলে যাওয়ার পর রাজনীতিকরা সেটা বুঝতে পেরেছে। তাদের অবস্থা এখন ছুঁচো গেলার মত। তারা এখন নিদারুণভাবে এবং অবিশ্বাস্যভাবে তাদের কাজগুলি ব্যাখ্যা করার চেষ্টা করছেন। তারা পারবেন না। তারা এই বিষয়ে তাদের মত পাল্টানোকে একটি 'গোপন চুক্তি' হিসাবে মিথ্যা অপবাদ দিয়ে সঠিক বলে প্রমাণ করার চেষ্টা করছেন। মনে রাখবেন যে প্রতিযোগিতার একটি শর্ত হিসাবে, আরও বেশি প্রতিদ্বন্ধীতাপূর্ণ করার জন্য প্রতিটি বিড মুখ বন্ধ খামে আসে যাতে সরকার তা পরিবর্তন করতে না পারে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) প্রচুর স্থানীয় সেইসব আবেদনকে সমর্থন করেছে যারা HQ2 এর জন্য বিড করতে চেয়েছে, কিন্তু এই শর্তে যে স্থানীয় নির্বাচিত কর্মকর্তা এবং কমিউনিটি সেটিকে সমর্থন করেছে, এবং লং আইল্যান্ড তার ব্যতিক্রম ছিল না।

নিউ ইয়র্ক সিটির সাথে কাজ করে, আমরা স্টেট সেনেটর মাইক গিয়ানারিস এবং নিউ ইয়র্ক সিটি কাউন্সিলম্যান জিমি ভ্যান ব্রামের সহ অঞ্চলের স্থানীয় নির্বাচিত কর্মকর্তাদের স্বাক্ষর দিয়ে লং আইল্যান্ড সিটির আবেদনকে এগিয়ে দিয়েছি। লং আইল্যান্ড সিটি বেছে নেওয়ার পরে চুক্তিটির তথ্য বিকৃত করে এবং করের ভর্তুকিগুলিকে 'একটি নগদ প্রত্যার্পণ' হিসাবে মিথ্যা ব্যাখ্যা করে গিয়ানারিস ও ভ্যান ব্রামের দুজনেই এই অবস্থান থেকে সরে এসেছেন। এখন যেহেতু অ্যামাজন আবেদন তুলে নিয়েছে, স্থানীয় রাজনীতিকরা প্রকল্পটির আগের নিরব সমর্থকদের নেতিবাচক প্রতিক্রিয়া উপলব্ধি করছেন এবং নিজেদের মনের ভাব গোপন করছেন।

স্থানীয় সেনেটররা দাবি করছেন যে তাদের ফোন কলের যে উত্তর দেওয়া হয়নি তা বিশেষ করে অপমানজনক, বলা হয়েছে যে স্থানীয় সেনেটর ছিলেন প্রথম ব্যক্তি যিনি HQ2 ঘোষণার সময় ESD প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হাওয়ার্ড জেমস্কির সাথে সাক্ষাত করেছিলেন। স্টেট বাজেট ডিরেক্টর হিসাবে আমি এই প্রকল্পটি সম্পর্কে তার সাথে যোগাযোগও রেখেছিলাম, এবং তিনি কমিনিটি এনগেজমেন্ট বোর্ডে বসতে বা অ্যামাজনের প্রতিনিধিদের সাথে সাক্ষাত করতে অস্বীকার করেছিলেন। যুক্তিসঙ্গত সমস্যাগুলি সমাধান করার চেষ্টাও করা হয়েছিল, যার সবগুলিই উপেক্ষা করা হয়েছিল।

তৃতীয়ত, অন্যদিকে, প্রকল্পটির বিষয়গুলি সম্পর্কে যোগাযোগ করতে এবং আরও সক্রিয়ভাবে বিকৃতিগুলি সংশোধন করতে স্টেট এবং সিটি আরও কিছু করতে পারত। আমরা সুস্পষ্ট সুবিধাগুলি আশা করেছিলাম: কুইন্সের একটি অংশে 25,000-40,000 কর্মসংস্থান যেখানে কয়েক যুগ সেরকম কোনো বাণিজ্যিক উন্নয়ন চোখে পরেনি এবং প্রযুক্তি খাতে একটি চোখে পড়ার মত উন্নয়ন, যা আমাদের অর্থনীতিকে ওয়াল স্ট্রিট এবং রিয়েল স্টেট থেকে আরও বৈচিত্রময় করে তুলত। শুধু সংখ্যালঘু বিরোধী নয়, রাজনৈতিক প্রক্রিয়া এবং তাদের সমস্ত আসনের প্রতিনিধি হিসাবে দায়িত্ব নিয়ে যে মিথ্যা স্তুতি প্রদান করেছে তা সত্ত্বেও ভোটে দেখা গেছে যে সত্তর শতাংশ নিউ ইয়র্কবাসী অ্যামাজনকে সমর্থন করেছিল। আমরা বিরোধীর বিকৃতির প্রভাবকে গুরুত্ব দিই নি এবং স্থানীয় নির্বাচিত কর্মকর্তাদের বুদ্ধিমত্তা এবং সততা সম্পর্কে বেশি আশা করেছিলাম।

অবিশ্বাস্যভাবে, আমি শুনেছি সিটি এবং স্টেট নির্বাচিত কর্মকর্তাগণ যারা প্রকল্পটির বিরোধঈ ছিলেন তারা দাবি করেছেন যে অ্যামাজন 3 বিলিয়ন ডলার সরকারি ভর্তুকি পাচ্ছে যা আবাস এবং পরিবহনে বিনিয়োগ করলে আরও ভালো হবে। এটি হয় নির্বাচিত কর্মকর্তাদের দ্বারা একটি স্থূল মিথ্যাচার বা প্রাথমিক গণিতের মৌলিক অজ্ঞতা। সিটি এবং স্টেট অ্যামাজনকে কিছুই 'দিত' না। ইউনিয়ন কর্মসংস্থান সহ অ্যামাজন তাদের সদর দফতর নির্মাণ করতে এবং সিটি এবং স্টেটকে 27 বিলিয়ন ডলার রেভিনিউ প্রদান করত। অ্যামাজন 25,000-40,000 কর্মসংস্থান তৈরি করলে এবং তাই 27 বিলিয়ন রেভিনিউ সৃষ্টি করতে পারলে, সিটি, বিদ্যমান অধিকার স্বরূপ ট্যাক্স ক্রেডিটের মাধ্যমে, এবং এটির বিরোধিতা করা সেই একই আইনপ্রণেতাদের দ্বারা অনুমোদিত স্টেট এক্সেকেলসিওর ট্যাক্স ক্রেডিট (Excelsior Tax credit) এর মাধ্যমে 3 বিলিয়ন কর ছাড় প্রদান করত। আপনার বিনিয়োগে এক দিয়ে নয় পেলে যে আপনি লাভবান হবেন সেটি বুঝতে আপনাকে স্টেটের বাজেট ডিরেক্টর হওয়ার প্রয়োজন নেই।

যে সত্তর শতাংশ নিউ ইয়র্কবাসী অ্যামাজনকে সমর্থন করেছিল এবং তাদের ক্ষোভ উগরাচ্ছেন তাদেরও দায় অস্বীকার করা যায় না এবং তাদের জানতে হবে যে নিরব সংখ্যাগরিষ্ঠতা নিরব থাকলে চলবে না কারণ তারা চিৎকার করা সংখ্যালঘু এবং স্বার্থান্বেষি রাজনীতিকদের কাছে হেরে যেতে পারেন।

এটি একটি স্থানীয় বিষয়ে একজন একক আইনপ্রণেতার রাজনৈতিক বিশেষ অধিকারের ছিল বলে এই বিষয়ে হস্তক্ষেপ করা ঠিক হত না। এটি একটি ট্রাফিক সিগনাল বা জোন নির্দীষ্ট করা সংক্রান্ত বিষয় ছিল না। অ্যামাজন প্রকল্পটি হারানো কুইন্স কাউন্টির জন্য শুধু একটি ধাক্কাই নয়, এটি লং আইল্যান্ড থেকে ক্যাপিটাল রিজিওনের ক্ষুদ্রপ্রযুক্তির করিডর থেকে বাফেলোর উন্নয়নশীল প্যানাসনিক প্ল্যান্ট, সমগ্র স্টেটের ক্ষতি করেছে, এবং এটি প্রত্যেক স্থানীয় নির্বাচিত কর্মকর্তার মনোভাবের একটি নেতিবাচক দিককে প্রতিফলিত করেছে। আইনপ্রণেতাদের অবশ্যই উপলব্ধি করতে হবে রাজনীতির খেলা এবং প্রশাসনিক দায়বদ্ধতার মধ্যে একটি পার্থক্য আছে।

উন্নয়নশীল রাজনীতি এবং নীতিমালা হল গভর্নর কুওমোর প্রশাসনের মূল ভিত্তি। দেশের কোনো স্টেটের এত প্রগতিশীল সাফল্য নেই, এবং দেশের মধ্যে সবথেকে প্রগতিশীল স্টেটের অর্থ সবথেকে কঠোর ও আক্রমনাত্মক নিরাপত্তা ও নীতিমালার উপস্থিতি। আমরা গর্বিত যে আমাদের মূল্যবোধ একটি শক্তিশালী, সুস্থ, ন্যায্য কাজের পরিবেশ গড়ে তুলেছে, কিন্তু ব্যবসা কোথায় স্থাপন করতে হবে সেই বিষয়ে বিবেচনা করার সময় সেগুলি কিভাবে আমাদের প্রতিযোগিতাকে প্রভাবিত করবে তা নিয়ে আমাদের নিজেদের ভাঁওতা দেওয়া উচিৎ নয়। শিক্ষা, সাস্থ্য, পরিকাঠামো এবং বাসস্থানে আমরা যে অভূতপূর্ব বিনিয়োগ করেছি তার জন্য আমরা গর্বিত কিন্তু সেগুলির অর্থায়নের জন্য আমাদের একটি দীর্ঘকালীন করের ভিত্তি প্রয়োজন।

দেশ জুড়ে রাজনৈতিক বিতর্কের উন্মাদনার পরিপ্রেক্ষিতে, গভর্নর কুওমো আমাদের মনে করিয়ে দিচ্ছেন যে 'একজন প্রগতিশীল হতে, উন্নয়ন অবশ্যই করতে হবে।' সুযোগ ও কর্মসংস্থান তৈরি হল সেই ইঞ্জিন যা ট্রেনকে টানে এবং, যেহেতু তিনি প্রায়ই বলে থাকেন, 'এখনও সবথেকে ভালো কর্মসূচি হল একটি কর্মসংস্থান।' একটি করের ভিত্তি ছাড়া আমরা আমাদের কাঙ্খিত লক্ষ্য পূরণ করতে আর্থিকভাবে সক্ষম হব না।

ভুল বলছি না, সব কিছুর শেষে আমরা 27 বিলিয়ন ডলার, 25,000-40,000 কর্মসংস্থান এবং 'ব্যবসার জন্য উন্মুক্ত' আমাদের এই খেতাবটি আমরা হারালাম। যে ইউনিয়ন প্রকল্পটির বিরোধিতা করেছে তাদের কোনো লাভ তো হলই না এবং অন্য ইউনিয়ন সদস্যদের 11,000 ভালো, উচ্চ বেতনের চাকরি কেড়ে নিল। স্থানীয় রাজনীতিকরা যারা অতিসক্রিয়-রাজনৈতিক বিরোধিতা করেছিল তারা তাদের নিজের সরকারী সহকর্মী এবং তাদের জেলার প্রত্যেক সংগঠকদের অর্থনৈতিক স্বার্থে আঘাত করেছেন। প্রকৃত স্থানীয় আবাসিক যারা প্রকল্পটিকে সত্যিকারের সমর্থন করেছিলেন এবং সেটি যাদের কমিউনিটির উপকার করত তারা চরম আঘাত পেয়েছেন। কিছুই লাভ হয় নি বরং বেশি ক্ষতি হয়েছে। এটি আর হওয়া উচিৎ নয়।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন